স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

স্কুল গম্বুজের নিকট

**পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ**

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫০শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৪ঠা চৈত্র বুধবার ১৩৭০ ইংরাজী 18th Mar. 1964 | ৪০শ সংখ্যা




ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও পড়বে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**

কেরোসিন কুকার

রূপে স্বাচ্ছন্দ্য ও নিপুণতা আধারে।

প্রস্তুতকারক
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

**অমিয় মেডিক্যাল কোম্পানী, অরঙ্গাবাদ**

সুবিধা দরে ঔষধ পাইবার একমাত্র প্রতিষ্ঠান। বিঃ দ্রঃ—জঙ্গিপুর মহকুমার খ্যাতনামা চিকিৎসক ডাঃ শ্রীগৌরীপতি চট্টোপাধ্যায়, এম-বি-বি-এস, ডি-টি-এম (কলিঃ), ডি-জি-ও (ডবলিন), ডি-ও (লণ্ডন) প্রতি বুধবার আমাদের ফার্ম্মেসীতে আসিয়া রোগী দেখিয়া থাকেন। জিয়াগঞ্জ মতিলা হাসপাতালের যাবতীয় ঔষধ পাইবেন।

বিনীত—অমিয়কুমার দাস।

সবচেয়ে সুবিধায় বই কিনতে হ'লে
জনপ্রিয় প্রতিষ্ঠান ষ্টুডেণ্টস্-ফেভারিট-এ আসুন।

আমাদের বিশেষত্ব:— রঘুনাথগঞ্জ (বাস ষ্ট্যাণ্ড)

* এক সঙ্গে সেট বই সরবরাহ করা
* শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের নানাবিধ সুবিধা দেওয়া
* ছাত্র-ছাত্রীদের উপযুক্ত পাঠ্য ও অর্থপুস্তক নির্ব্বাচনে সহায়তা করা
* আমাদের সততায় সকলের সহানুভূতি লাভ করা।

সার্ব্বভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৪ঠা চৈত্র বুধবার সন ১৩৭০ সাল।

# সভ্যতা ও সত্যতা

—•—

অধিকাংশ লোকেই বলে থাকে—দেশ আর অসভ্য নাই ক্রমে ক্রমে সকলেই সভ্যতার আলোক পেয়ে সভ্য হ'তে চলেছে। সাবেক চলনে কাউকে চল্‌তে দেখলেই তথা কথিত সভ্যরা তা'কে অসভ্য জ্ঞানে বলে থাকে—গরুর গাড়ীর যুগে যা' হ'তো এখন তা চলবে না।

আমরাও বলি সত্যি সত্যি তা চলবে না. এখন সভ্য জগতে খুব হুঁসিয়ার হ'য়ে চলতে হবে। এখন লোকের মান সম্মানের জ্ঞান হয়েছে। মর্য্যাদা জ্ঞানও যথেষ্ট। মর্য্যাদা জ্ঞানসম্পন্ন লোকের কাছে শুধু মান মর্য্যাদা নয়, ধন প্রাণ শুদ্ধ বাঁচাতে হ'লে সাবধানে চলার দরকার। আগে একজনের অভাবের সময় তার প্রতিবেশী তা'কে টাকা ধার দিত, বিনা দলিলে, বিনা লেখাপড়ায়, বন্ধক না নিয়ে; সাক্ষী থাকতেন—ভগবান, চন্দ্র, সূর্য্য, মা বসুমতী। সে টাকা যদি দেনাদার জীবন থাকতে পরিশোধ করতে না পারতো মরণকালে দশজনের সামনে ছেলেমেয়েদের সঙ্গে পাওনাদারের মোকাবিলা ক'রে দিয়ে যেতো—উত্তরাধিকারীদের বলে যেতো আমার আত্মার শান্তির জন্য এই টাকা শোধ ক'রে দিও, নইলে আত্মার মুক্তি নাই। আজ লেখাপড়া ক'রে সাক্ষী রেখে, দলিল রেজেষ্টারী করেও দেনা ফাঁকি দিবার কত যে কৌশল সভ্য জগত শিক্ষা দিয়েছে ও দিচ্ছে তার সীমা সংখ্যা নাই। অসভ্য যুগে দেনা তামাদী হ'তো না, এখন তামাদী করতে পারলে ব্যস্। অমনি! ইন্‌সল্‌ভেন্‌সি নিয়ে পাওনাদারকে রম্ভা প্রদর্শন এক অকাট্য কৌশল। তারপর এক বৎসর কি দেড় বৎসর পর ইন্‌সলভেন্ট আবার শেঠজী। অথচ সাবেক দেনা আর দিতে হবে না। কাজেই আমরা সভ্যতা দিয়ে সত্যতাকে ধ্বংস করিতে সিদ্ধহস্ত হয়েছি।

কেউ কাউকে বিশ্বাস করি না। সহোদরকে ফাঁকি দিবার অব্যর্থ আর্য্যা স্ত্রীধন করা। রাস্তায় চলতে হ'লে সঙ্গী পথিককে বিশ্বাস করা আর চলে না। আফিসে আফিসে লেখা আছে "পকেটমার হ'তে সাবধান" এক ভাষায় নয় দেশের চলিত সব ভাষায় সবকে সাবধান ক'রে দেওয়া হয়েছে। রেলের গাড়ীতে ছাপার অক্ষরে লিখে দিয়েছে মালের উপর নজর রাখো, নিজের টিকিট নিজে কেনো, ঠগ, জোচ্চোর, পকেটমার তোমার নিকটেই আছে। বলুন দেখিনি—কত সভ্য যুগ এটা। এটা সভ্যতার আলোক—তার ঔজ্জ্বল্য যে কত, তা বলবার নয়। চোক বুজেছ কি সব লোপাট। সভ্যতা সত্যতাকে তফাৎ করে দিয়েছে। আদালতে সাক্ষী দিতে বা নালিশ করতে সত্যতা বা হলপ পাঠ করতে হয়—আমি প্রতিজ্ঞাপূর্ব্বক বলিতেছি—আমি যে এজাহার করবো তার সকল অংশ সত্য হবে কোন অংশ মিথ্যা হবে না। শেষ অবধি বিচারক এই সত্যতা পাঠযুক্ত সাক্ষ্য জেরার চোটে মিথ্যা এমন কি জল-জিয়ন্ত মিথ্যা দেখে হলপকারীকে মিথ্যাবাদী ঘোষণা করে রায় দিতে বাধ্য হন। প্রতিজ্ঞা বা হলপের মূল্য সভ্যতার যুগে এইভাবে নির্দ্ধারিত হয়। তাই বলি সভ্যতার আলোকে সত্যতা ঝল্‌সিয়ে ছাই হ'য়ে গিয়েছে। সভ্যতা সত্যতাকে দেশ থেকে না তাড়িয়ে ছাড়বে না।

---

## গ্রামসভার সকল আসনেই মহিলা

হাওড়া জেলার জগৎবল্লভপুর থানার মাজু ইউনিয়নের পঞ্চায়েত নির্ব্বাচনে যাদববাটি গ্রামসভার নয়টি আসনেই মহিলা প্রার্থিগণ বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্ব্বাচিত হইয়াছেন বলিয়া জানা গিয়াছে। এখনও পর্য্যন্ত পশ্চিমবঙ্গে উদাহরণস্বরূপ একটি গ্রামসভাই মহিলাগণ কর্ত্তৃক পরিচালিত হইবে বলিয়া অনুমিত হয়।

---

## কংগো হইতে ভারতীয় সৈন্য প্রত্যাহার

কংগোতে যে ভারতীয় সৈন্য পাঠান হইয়াছিল তাহাদিগকে সরাইয়া লওয়া হইয়াছে। মাত্র কয়েকটি সহায়ক ইউনিট সেখানে রহিয়াছে। তাহারা সেখানে জুন মাস পর্য্যন্ত থাকিবে। কংগোতে ভারতীয় সৈন্যদল রাখিবার জন্য গত ৩০শে সেপ্টেম্বর (১৯৬৩) পর্য্যন্ত মোট ৬,৩৮,৩৭,৪০০ টাকা ব্যয় হইয়াছে। প্রেঃ ইঃ ব্যুঃ

---

## স্বর্ণশিল্পীদের পুনর্বাসনের জন্য আরও পাঁচ কোটি টাকা বরাদ্দ

উপঅর্থমন্ত্রী শ্রীমতী তারকেশ্বরী সিংহ লোকসভায় জানান যে, স্বর্ণশিল্পীদের পুনর্বাসনের জন্য ১৯৬৪—৬৫ সালে আরও পাঁচ কোটি টাকা বরাদ্দ করা হইবে। স্বর্ণশিল্পীগণ সরকার-ঘোষিত পুনর্বাসন কর্ম্মসূচীর সুবিধা গ্রহণের জন্য আগাইয়া আসিতেছেন। প্রেঃ ইঃ ব্যুঃ

---

## হরতাল

গত ১৭ই মার্চ্চ মঙ্গলবার পূর্ব্ববঙ্গের সংখ্যালঘুদের রক্ষার দাবীতে রঘুনাথগঞ্জ জঙ্গিপুর ও পার্শ্ববর্ত্তী অঞ্চলে শান্তিপূর্ণ হরতাল পালিত হয়। এই দিন এতদঞ্চলের হাট বাজার দোকান, স্কুল ও কলেজে হরতাল পালিত হয়।

---

## বে-আইনী আফিম

বহরমপুর সদর মহকুমায় জাতীয় সড়কের ধারে চুয়াপুরের চা-বিক্রেতা গর্জ্জন সিংহকে আবগারী বিভাগের সব-ইন্সপেক্টর ১১ গ্রাম আফিমসহ গ্রেপ্তার করিয়া চালান দেন। বিচারে আসামীর ৮৮ টাকা জরিমানা হইয়াছে।

---

জাতীয় প্রতিরক্ষা তহবিলে
মুক্তহস্তে দান করুন

## দোলযাত্রা উপলক্ষে
# আরক্ষ বিভাগের নির্দ্দেশ

১। এই উৎসব সাধারণভাবে পালনের অর্থাৎ শোভাযাত্রাদির সময় বেলা দুইটা পর্য্যন্ত নির্দ্দিষ্ট হইয়াছে। ঐ সময় অন্তে তরল রং ব্যবহার অবাঞ্ছনীয়।

২। চিকিৎসক, রোগী, সরকারী পোষাক পরিহিত কর্ম্মরত সরকারী কর্ম্মচারী, ভিন্ন ধর্ম্মাবলম্বী অনিচ্ছুক ব্যক্তি, স্ত্রীলোক এবং অল্পবয়স্ক বালকদের উপর, তাঁহাদের ইচ্ছার বিরুদ্ধে, রং নিক্ষেপ করিবেন না। ৩। চলন্ত যান বাহনের প্রতি অথবা চলন্ত যান বাহনের ভিতর হইতে রং নিক্ষেপ করিবেন না। ৪। কাহারো গৃহে বলপূর্ব্বক প্রবেশ করিয়া হোলি খেলা অপরাধ। উৎসব সীমাবদ্ধ রাখুন গৃহ প্রাঙ্গণে এবং পল্লীর মধ্যে। ৫। রংয়ের খেলায় রং-ই ব্যবহার করুন। উচ্ছ্বাসের বশে কাদা, আলকাতরা, বা অন্য কোন অস্বাস্থ্যকর এবং আপত্তিকর পদার্থ কাহারো প্রতি নিক্ষেপ করিবেন না।

---

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর
## খেয়াঘাট ইজারা

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর কমিশনরগণ ১৯৬৪—৬৫ সালের জন্য জঙ্গিপুর সদর ঘাট—১৯,০০১ টাকা ও এনায়েতনগর ডোমপাড়া ঘাট ৮৪,৪০০ টাকায় ইজারা বন্দোবস্ত করিয়াছেন।

---


## পাকা বাড়ী বিক্রয়

রঘুনাথগঞ্জ ফাঁসীতলায় সদর রাস্তার পার্শ্বে স্বর্গীয় অমিয়মোহন রায় মহাশয়ের বসত বাটী ও তৎসংলগ্ন ফাঁকা জায়গা বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন। শ্রীপরমেশপ্রসন্ন পাণ্ডে

রঘুনাথগঞ্জ বস্ত্রালয়


# ত্যাগীর ঝাঁক



**পরের তরে কাঁদা-প্রাণ**
**পরের ঘরে চাঁদা চান।**

( স্বর্গীয় দ্বিজেন্দ্রলাল রায় মহাশয়ের গানের একাংশ )

কীর্ত্তন

"নিয়ে ভিক্ষার ঝুলি, নির্ভয়ে তুলি
ধর্ম্মের নামে চাঁদা গো—
দেয় "বক্তৃতা" শুনে, টাকা হাতে গুণে'
আছে দেশে বহু গাধা গো।
খোলহ ফণ্ড, হবে না পণ্ড,
ক'রো না ভয় কি ভাবনা।
গুরুর কৃপায় দশ জনে খায়,
আমরাই কেন খাব না।"



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**

**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং ***বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি*** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
| --- | --- |
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |

---



★আই,সি,আই পেইন্ট
★মেদিনীপুরের ভাল মাদুর
★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
★ইমারতের যাবতীয় সরঞ্জাম।



বিক্রেতা:—

**কুণ্ডু হার্ডওয়্যার ষ্টোর**
যাগড়া মুর্শিদাবাদ


---


*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।